গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর মাসিক (মে মাস) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ রোকন উদ-দৌলা অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৭ মে ২০২১ ইং।
সভার সময়	বেলা ১২.০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, পাসম।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

গত ২৭ মে ২০২১ তারিখে বেলা ১২.০০ ঘটিকায় পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর মাসিক সভা (মে মাস) অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

০২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কিত কমিটির সদস্য ও আওতাধীন সংস্থাসমূহের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় পানি সম্পদ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও এপিএ ২০২১-২২ এর খসড়া বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত মতামতের ওপর আলোচনা করা হয়। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্মিত বাঁধ সূচকটি বাস্তবায়নে শংকা প্রকাশ করেন। সূচকটি বাস্তবায়নে বিশেষ গুরুত্বারোপে সভাপতি নির্দেশনা প্রদান করেন। মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী এপিএ ২০২১-২২ এর খসড়ায় কৌশলগত উদ্দেশ্যর মান পুনর্নির্ধারণ, কিছু সূচক স্থানান্তর করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়াও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, মাঠ পর্যায়ের অফিসগুলোতে প্রশিক্ষণ ইত্যাদি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

০৩। <u>সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-</u>

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত এপিএ ২০২১-২২ এর খসড়া বিষয়ে ফিডব্যাক ও পর্যবেক্ষণ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	পাসম ও সকল সংস্থা
২।	বাপাউবোর বাঁধ নির্মান সূচক, নগই এর ভৌত মডেলিং ও গবেষণা কার্যক্রম পরিচালনা সূচক, বাহাউজঅ এর প্রকল্প পরিচালকদের সমন্বয় সভা সূচকসহ অন্যান্য সকল সূচক লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়নে উদ্যেগ গ্রহণ করতে হবে।	সকল সংস্থা
৩।	বাপাউবোর মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ ১৫ জুন ২০২১ তারিখের মধ্যে চূড়ান্ত এপিএ এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিল করবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের এপিএ নির্দেশনা অনুযায়ী ২৫ জুন ২০২১ তারিখের মধ্যে স্ব স্ব উর্ধ্বতন কার্যালয়ের সাথে এপিএ চুক্তি স্বাক্ষর সম্পন্ন করতে হবে।	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, জিআরএস, ইনোভেশন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে বাপাউবো মাঠ পর্যায়ে প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনার জন্য জোনাল অফিসগুলোর প্রশিক্ষণ কোডে পর্যাপ্ত অর্থ বরাদ্ধ নিশ্চিত করতে হবে।	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৫।	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে ই-ফাইলিং, প্রশিক্ষণ কার্যক্রম, ওয়েবসাইট হালনাগাদ ইত্যাদি বিষয়গুলো বাস্তবায়নে বিশেষ গুরুত্ব দিতে হবে।	সকল সংস্থা

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রোকন উদ-দৌলা
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০২৬.৯৯.০০২.২০.৪৪

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮
৩১ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
২) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩) অতিরিক্ত সচিব (পরিকল্পনা), পানি সম্পদ মন্ত্রণালয়।
৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট।
৫) মহাপরিচালক , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
৬) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ।
৭) যুগ্মসচিব, প্রশাসন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়।
৮) যুগ্ম সচিব (উন্নয়ন-২), পানি সম্পদ মন্ত্রণালয়।
৯) যুগ্মসচিব, বাজেট ও অডিট অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
১০) চীফ মনিটরিং, চীফ মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১১) উপসচিব, প্রশাসন শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
১২) উপ-পরিচালক , পরিকল্পনা অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
১৩) পরিচালক, প্রসেসিং শাখা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৪) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সয়েল মেকানিক্স এন্ড গ্রাউন্ড ওয়াটার, মেটেরিয়াল টেষ্টিং ও কোয়ালিটি কন্ট্রোল, সেডিমেন্ট,ক্যামিক্যাল এন্ড ওয়াটার পলিউশন ডিভিশন , নদী গবেষণা ইনস্টিটিউট।
১৫) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর-৩, যৌথ নদী কমিশন, বাংলাদেশ।
১৬) সিনিয়র সহকারী সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৭) সহকারী প্রকৌশলী, প্রসেসিং শাখা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৮) সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৯) অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়।

মোহাঃ ইউসুফ হারুন খান
প্রোগ্রামার